**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-১৮২-আইন/২০১৯/৩৯-মূসক।**— মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act no. IV of 1969) এর First Schedule এর Heading No. 24.02 এর আওতাধীন উৎপাদিত তামাকজাত বিড়ির উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আদায়ের লক্ষ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

**১। শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বিড়ির উপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।**— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "**আইন**" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(খ) "**বিধিমালা**" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬;

(গ) "**বিড়ি**" অর্থ যন্ত্রের সাহায্য ব্যতীত, ফিল্টারযুক্ত বা বিযুক্ত হাতে তৈরি সিগারেট (বিড়ি);

(ঘ) "বিড়ির প্যাকেট" অর্থ কাগজ বা অন্যকোনো উপকরণ দ্বারা আবৃত ফিল্টারবিযুক্ত ৮ (আট) শলাকা, ১২ (বার) শলাকা ও ২৫ (পঁচিশ) শলাকা বিশিষ্ট বিড়ি বা ফিল্টার সংযুক্ত ১০ (দশ) শলাকা ও ২০ (বিশ) শলাকা বিড়ি ধারণযোগ্য এমন কোনো প্যাকেট এবং হার্ড ও সফট প্যাকেট এবং শেল এন্ড স্লাইড প্যাকেটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

(ঘ) **"ব্যান্ডরোল"** অর্থ উৎপাদিত বিড়ির প্যাকেটে বোর্ড কর্তৃক সময় সময় প্রশাসনিক আদেশ দ্বারা জারীকৃত নির্দিষ্ট মূল্যমানের নিরাপত্তা চিহ্ন সম্বলিত বিশেষ আকার ও ডিজাইনের ব্যান্ডরোল।

**৩। কর আদায়।**- আইন ও তদধীন প্রণীত বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, বিড়ি উৎপাদনকারী কর্তৃক উৎপাদিত বিড়ির উপর প্রদেয় কর বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল সংযুক্তির মাধ্যমে আদায়যোগ্য হইবে।

**৪। বিড়ির মূল্য।-** (১) উৎপাদিত বিভিন্ন ব্র্যান্ড, নাম ও মূল্যমানের ফিল্টার বিযুক্ত বা ফিল্টারযুক্ত বিড়ির জন্য সর্বোচ্চ খুচরা মূল্য হইবে নিম্নরূপ, যথা:-

| স্তর | মূল্য |
|---|---|
| (ক) বিড়ি (ফিল্টার বিযুক্ত) | |
| (১) ৮ শলাকার প্যাকেটের মূল্য ৪.৪৮ টাকা | ৩৫ |
| (২) ১২ শলাকার প্যাকেটের মূল্য ৬.৭২ টাকা | ৩৫ |
| (৩) ২৫ শলাকার প্যাকেটের মূল্য ১৪.০০ টাকা | ৩৫ |
| (খ) বিড়ি (ফিল্টার সংযুক্ত) | |
| (১) ১০ শলাকার প্যাকেটের মূল্য৮.৫০ টাকা | ৪০ |
| (২) ২০ শলাকার প্যাকেটের মূল্য ১৭.০০ টাকা | ৪০ |

(২) কোনো উৎপাদক, উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত মূল্যস্তর বহির্ভুত অতিরিক্ত কোনো বিড়ির মূল্য নির্ধারণ করিতে পারিবেন না।

**৫। ব্যান্ডরোলের আকার, রং ও ডিজাইন ব্যবহার, ইত্যাদি।-** (১) ফিল্টার-বিযুক্ত এবং ফিল্টারযুক্ত উভয় ক্ষেত্রে বিড়ির প্যাকেটে ব্যবহার্য ব্যান্ডরোলের আকার হইবে ১৫ সে.মি × ১.৫ সে.মি এবং ব্যান্ডরোলের দুই পার্শ্বে "বিড়ির সংখ্যা" উল্লেখ থাকিবে এবং মাঝে প্রথম লাইনে "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার" দ্বিতীয় লাইনে "শুল্ক-কর পরিশোধিত" ও তৃতীয় লাইনে "জাতীয় রাজস্ব বোর্ড" শব্দগুলি লেখা থাকিবে।

(২) বিড়ির প্যাকেটের শলাকা, ফিল্টার ও রং নিম্নের টেবিলে প্রদর্শিত বর্ণনা অনুযায়ী হইবে, যথা:-

**টেবিল**

| ক্রমিক | শলাকা | ফিল্টার | রং |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | ২৫ | ফিল্টার-বিযুক্ত | হালকা সবুজ |
| ২। | ১২ | ফিল্টার-বিযুক্ত | হালকা জলপাই |
| ৩। | ৮ | ফিল্টার-বিযুক্ত | হালকা বেগুনী |
| ৪। | ২০ | ফিল্টারযুক্ত | হালকা গোলাপী |
| ৫। | ১০ | ফিল্টারযুক্ত | হালকা নেভী-ব্লু। |

(৩) উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত রঙ, আকার ও ডিজাইনের ব্যান্ডরোল বিড়ির প্যাকেটে ব্যবহার করিতে হইবে।

(৪) বিড়ি উৎপাদনকারী, বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহারের উদ্দেশ্যে, বোর্ড কর্তৃক, সময় সময়, আদেশ দ্বারা জারিকৃত নির্দেশনা অনুসারে ব্যান্ডরোল সংগ্রহ বা ক্রয় করিতে পারিবে।

**৬। বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল লাগাইবার পদ্ধতি, ইত্যাদি।–** (১) বিড়ি উৎপাদনকারী কর্তৃক উৎপাদিত বিড়ির প্যাকেটে উৎপাদনকারীর নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও ব্র্যান্ড নাম এইরূপে সুস্পষ্টভাবে মুদ্রণ করিতে হইবে যেন উহা সহজে পাঠযোগ্য হয়।

(২) প্রতিটি বিড়ির প্যাকেটের উপর আঁঠার সাহায্যে লম্বালম্বি এমনভাবে ব্যান্ডরোল লাগাইতে হইবে যাহাতে উহার উভয় প্রান্তের মুখ আবৃত থাকে এবং ব্যান্ডরোল ছিঁড়িয়া ফেলা ব্যতীত উহা বিড়ির প্যাকেট হইতে আলাদা করা না যায়।

(৩) ব্যান্ডরোল লাগাইবার সময়, কারিগরি বা অন্য কোনো প্রকার ত্রুটির কারণে, কোনো ব্যান্ডরোল নষ্ট হইলে, উক্ত নষ্ট হইয়া যাওয়া ব্যান্ডরোল বিড়ি উৎপাদনকারী কর্তৃক সংরক্ষণ করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন নষ্ট হওয়া ব্যান্ডরোলের সংখ্যা কোনক্রমেই ব্যবহৃত ব্যান্ডরোলের মোট সংখ্যার ১ (এক) শতাংশের অধিক হইবে না:

তবে শর্ত থাকে যে, কোনো ত্রুটি ব্যতীত অন্য কোনো কারণে ব্যান্ডরোল নষ্ট হইবার ক্ষেত্রে, সংশ্লিষ্ট কমিশনার যথাযথ তদন্তপূর্বক, ব্যবহৃত ব্যান্ডরোলের মোট সংখ্যার সর্বোচ্চ ২ (দুই) শতাংশ পর্যন্ত নষ্ট হইয়াছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ডে প্রতিবেদন প্রেরণ করিবেন এবং উক্ত প্রতিবেদন বিষয়ে বোর্ড হইতে ভিন্নরূপ কোনো নির্দেশনা প্রদান না করিলে ব্যান্ডরোলের ২ শতাংশ পর্যন্ত নষ্ট হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫) উপ-বিধি (৪) এ নির্ধারিত সংখ্যক বা হারের বেশি ব্যান্ডরোল নষ্ট হইলে বা নষ্ট হইয়াছে মর্মে দেখানো হইলে সংশ্লিষ্ট বিড়ি উৎপাদনকারী কর্তৃক উক্তরূপ নষ্ট হইয়া যাওয়া অতিরিক্ত ব্যান্ডরোল যে সংখ্যক বিড়ির প্যাকেটে লাগানো যাইত সেই সংখ্যক বিড়ির প্যাকেটের ক্ষেত্রে প্রদেয় কর প্রদান করিতে হইবে।

**৭। ব্যান্ডরোল মজুদ সংরক্ষণ, ইত্যাদি।**— (১) বিড়ি উৎপাদনকারী কর্তৃক সংগৃহীত বা ক্রয়কৃত ব্যান্ডরোল বিড়ি কারখানার অভ্যন্তরে নিরাপদ স্থানে মজুদ ও সংরক্ষণ করিতে হইবে।

(২) বিড়ির প্যাকেটে ব্যবহারের উদ্দেশ্যে বিড়ি উৎপাদনকারী পর্যাপ্ত পরিমাণ ব্যান্ডরোল মজুদ রাখিয়া নূতন ব্যান্ডরোল সংগ্রহ করিবে।

(৩) বিড়ি উৎপাদনকারী কর্তৃক সংগৃহীত বা ক্রয়কৃত ব্যান্ডরোল সংশ্লিষ্ট বিড়ির কারখানায় আনয়নের পর এই বিধিমালার সহিত সংযোজিত ফরমে ব্যান্ডরোল সংক্রান্ত যাবতীয় তথ্য লিপিবদ্ধ রাখিতে হইবে।

**৮। মজুদ ও ব্যান্ডরোলের পরিমাণ যাচাই।**— সংশ্লিষ্ট কমিশনার বা তাহার মনোনীত উপযুক্ত প্রতিনিধি যে কোনো সময় বিড়ি উৎপাদনকারী কর্তৃক সংগৃহীত বা ক্রয়কৃত ব্যান্ডরোল যথাযথভাবে সংরক্ষণ ও ব্যবহার করা হইতেছে কিনা উহা পরীক্ষা করিতে পারিবেন।

**৯। তদারকি।**— এই বিধিমালার বিধি ৫ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত পদ্ধতিতে ব্যান্ডরোল সংগ্রহ করিয়া উৎপাদিত বিড়ির প্যাকেটে যথাযথভাবে ব্যবহার করা হইয়াছে কিনা তাহা নিশ্চিত করিবার লক্ষ্যে সহকারী রাজস্ব কর্মকর্তা প্রতি ১৫ (পনের) দিনে ন্যূনতম একবার, রাজস্ব কর্মকর্তা প্রতিমাসে ন্যূনতম একবার এবং বিভাগীয় কর্মকর্তা প্রতি ২ (দুই) মাসে ন্যূনতম একবার বিড়ি উৎপাদনকারী কারখানা পরিদর্শন করিবেন।

**১০। হিসাবরক্ষণ।**— বিড়ি উৎপাদনকারী কর্তৃক বিড়ি উৎপাদনে ব্যবহৃত উপকরণ ও পণ্যের হিসাব সংরক্ষণের ক্ষেত্রে, আইনের ধারা ১০৭ এবং বিধিমালার বিধি ৪০ এর বিধান অনুসরণ করিতে হইবে।

**১১। চালানপত্র ইস্যু।**— বিড়ি উৎপাদন কারখানা হইতে বিড়ির প্রতিটি সরবরাহের বিপরীতে বিড়ি উৎপাদনকারী কর্তৃক বিধিমালার ফরম “মূসক-৬.৩” এ ক্রেতার অনুকূলে একটি চালানপত্র ইস্যু করিতে হইবে।

**১২। দাখিলপত্র পেশকরণ।**— আইনের ধারা ৬৪ এবং বিধিমালার বিধি ৪৭ এর বিধান অনুযায়ী বিড়ি উৎপাদনকারীকে প্রতিটি কর মেয়াদের জন্য দাখিলপত্র জমা প্রদান করিতে হইবে এবং উক্ত দাখিলপত্রে ক্রয়কৃত ব্যান্ডরোলের মূল্যমানের ভিত্তিতে পরিশোধিত করের পরিমাণ প্রদর্শন করিতে হইবে।

**ফরম**
**ব্যান্ডরোল রেজিস্টার**
**[ বিধি ৭(৩) দ্রষ্টব্য ]**

| ক্রঃ নং | তারিখ | প্ররম্ভিক ব্যান্ডরোলের পরিমাণ | সংগৃহীত/ ক্রয়কৃত ব্যান্ডরোলের পরিমাণ | সংগৃহীত/ ক্রয়কৃত ব্যান্ডরোলের মূল্য | মোট ব্যান্ডরোলের পরিমান (৬=৩+৪) | পোষ্ট অফিস কর্মকর্তা বা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর | ব্যবহৃত ব্যান্ডরোলের পরিমাণ | ব্যান্ডরোলের জের ৯=৬-৮ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| | | | | | | | | | |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)**
**প্রথম সচিব (মূসক নীতি)**